

E-Paper

আনন্দবাজার.com

Log in

anandabazar / West Bengal / SFI shows agitation at WBCUPA annual meeting place in Jadavpur University dgtl

যাদবপুরে তৃণমূলপন্থী অধ্যাপকদের বার্ষিক সভার আগে উত্তেজনা, ছাত্রভোট চেয়ে বিক্ষোভে এসএফআই

বিশ্ববিদ্যালয়ে ভোট চেয়ে সভাগৃহের বাইরে পোস্টার টাঙিয়ে দেন এসএফআইয়ের সদস্যেরা। হোর্ডিংও পড়ে। তাঁদের দাবি, রাজ্যের শিক্ষামন্ত্রীকে তাঁদের সঙ্গে কথা বলতে হবে।

প্রথম পাতা

কলকাতা

পশ্চিমবঙ্গ ▾

দেশ

বিদেশ

সম্পাদকের পাতা ▾

আরও



শনিবার দুপুরে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ দেখাচ্ছেন
এসএফআইয়ের সদস্যেরা। — নিজস্ব চিত্র।

আনন্দবাজার অনলাইন সংবাদদাতা

Share 

Save

শেষ আপডেট: ০১ মার্চ ২০২৫
১৪:১২

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ওপেন আর্ট থিয়েটার (ওএটি)-এ শনিবার রাজ্যের কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের তৃণমূলপন্থী অধ্যাপকদের সংগঠন ওয়েবকুপার বৈঠক রয়েছে। সেই বৈঠক শুরু হওয়ার আগে তৈরি হয় উত্তেজনা। বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংগঠনের ভোটের দাবিতে শ্লোগান দেন বামপন্থী ছাত্র সংগঠন এসএফআই, আইসা, ডিএসএফ (ডেমোক্র্যাটিক স্টুডেন্টস' ফ্রন্ট)-এর সদস্যেরা। তাঁরা বিশ্ববিদ্যালয়ের ২ নম্বর গেট আটকে বিক্ষোভ দেখান। পাল্টা মানববন্ধন তৈরি করেন তৃণমূল ছাত্র পরিষদ (টিএমসিপি)-এর সদস্যেরা। বৈঠকে যোগ দিতে এসে এসএফআই, আইসা, ডিএসএফ সদস্যদের বাধার মুখে পড়েন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। তাঁকে বিশ্ববিদ্যালয়ের ৩ নম্বর গেট দিয়ে প্রবেশ করিয়ে ওএটির পিছন দিয়ে তোলা হয় মঞ্চে।

Advertisement



শনিবার ওয়েবকুপার বার্ষিক সভা শুরু আগে বিশ্ববিদ্যালয়ে ছাত্রভোট চেয়ে সভাগৃহের বাইরে পোস্টার দেন এসএফআইয়ের সদস্যেরা। হোর্ডিংও টাঙিয়ে দেন তাঁরা। তাঁদের দাবি, রাজ্যের শিক্ষামন্ত্রীকে তাঁদের সঙ্গে কথা বলতে হবে। অবিলম্বে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংগঠন নির্বাচনের দিন ঘোষণা করতে হবে। সেই নিয়ে টিএমসিপির সঙ্গে বচসা শুরু হয় বিক্ষোভকারীদের। এসএফআইয়ের অভিযোগ, সভা শুরুর আগে হোর্ডিং সরিয়ে নিতে বাধ্য করা হয় তাদের। তার পরে স্লোগান দিয়ে মিছিল শুরু করেন সদস্যেরা। সেই মিছিলেও বাধা দেওয়ার অভিযোগ উঠেছে টিএমসিপির সদস্যদের বিরুদ্ধে।

আরও পড়ুন:



আইসিসি-র পুনর্গঠন
না কি ছাত্র সংসদ
নির্বাচন! আগে কী...

প্রসঙ্গত, ২০২০ সালে শেষ ছাত্র সংসদ নির্বাচন হয় যাদবপুর বিশ্ববিদ্যালয়ে। তার পর থেকে আর ভোট হয়নি। সেই ভোটের দাবিতে সরব হয়েছে বামপন্থী ছাত্র সংগঠনগুলি।